Amit Kundu
16/11/18

FOR GOD AND COUNTRY

# ST. LAWRENCE HIGH SCHOOL

## Test Examination (Question cum Model Answer)

**Sub:** BENGALI **Class:** 10A/10B/10C/10 **F. M.** 90

**Duration:** 3 Hours 15 Minutes **Date:** 03.11.2018

### বিভাগ - ক

১। সঠিক উত্তরটি বেছে নাও ঃ- (১x১৭=১৭)

১.১ গিরিশ মহাপাত্রের ট্যাঁক থেকে গন্ডা-ছয়েক পয়সার সঙ্গে বেরোল —
(ক) একটি টাকা

১.২ বিরাগীর ঝোলার ভিতর যে বইটি ছিল, সেটি হল —
(খ) গীতা

১.৩ ইসাবের বাবা কোথায় বসে হুঁকো খাচ্ছিলেন?
(ক) দাওয়ায় খাটিয়ায়

১.৪ নিপাতিতা কন্যার বেশ ছিল —
(গ) বেথানিত

১.৫ দিনের অন্তিমকাল ঘোষণা করল —
(খ) অশুভ ধ্বনিতে

১.৬ অম্বুরাশিসুতা মৃত্যুসংবাদ দিলেন —
(খ) বীরবাহুর

১.৭ সিজার কলম দিয়ে আঘাত করেছিলেন —
(ঘ) কাসকাকে

১.৮ ছেলেবেলায় লেখককে কার বাংলা জ্যামিতি বই পড়তে হয়েছিল?
(খ) ব্রহ্মমোহন মল্লিক

১.৯ খাগের কলম একমাত্র দেখা যায় —
(খ) সরস্বতী পূজোর সময়

১.১০ এখন <u>তোমায়</u> গান করতে হবে। - রেখাঙ্কিত পদটি কোন্ কারক?
(ক) কর্মকারক

১.১১ নীচের কোন্‌টি সমার্থক বা প্রায় সমার্থক দ্বন্দ্ব সমাসের দৃষ্টান্ত নয়?
(গ) ভালোমন্দ

১.১২ ধাতু বিভক্তির আর এক নাম হল —
(ঘ) ক্রিয়া বিভক্তি

১.১৩ 'গিন্নিমা' — এই সমাসবদ্ধ পদটির যথার্থ ব্যাসবাক্যটি হল —
(ঘ) যিনি গিন্নি তিনিই মা

১.১৪ 'আসত্তি'র আর এক নাম কি?
(ক) নৈকট্য

১.১৫ কোন্‌টি বাক্য নির্মাণের শর্তের পর্যায়ভূক্ত নয়?
(গ) বিভক্তি

১.১৬ ‘অস্ত্যর্থক’ বা ‘ইতিবাচক বাক্য’ যে বাক্যের একটি প্রকার, তা হল —
(ক) নির্দেশক

১.১৭ মহাশয়ের কি করা হয়? — এটি কোন্ বাচ্যের দৃষ্টান্ত?
(গ) ভাববাচ্য

২। **কমবেশি ২০টি শব্দের মধ্যে উত্তর দাও ঃ-** (১x১৯=১৯)

২.১ যে কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও ঃ- (১x৪=৪)

২.১.১ ‘বুকের রক্ত ছলকে ওঠে তপনের।’ — তপনের বুকের রক্ত ছলকে ওঠার কারণ কি? — ছোটো মেসোর হাতে ‘সন্ধ্যাতারা’ পত্রিকা দেখে, কারণ এখানেই তপনের লেখা গল্প ছাপানোর কথা।

২.১.২ ‘চিঠি পকেটেই ছিল।’ — কোন্ চিঠির কথা বলা হয়েছে? — নদের চাঁদের স্ত্রীকে লেখা চিঠিটি।

২.১.৩ অপূর্ব তার বাড়িতে চুরির খবর কখন কাকে দিতে গিয়েছিল? — অপূর্ব নিমাইবাবুকে থানায় তার বাড়িতে চুরির খবর দিতে গিয়েছিল সকালে।

২.১.৪ ‘অমৃত ফতোয়া জারি করেছিল।’ অমৃত কি ফতোয়া জারি করেছিল? — ইসাবের মতো একটা জামা না পেলে সে স্কুলে যাবে না।

২.১.৫ পুলিশ সেজে হরিদা কার কাছ থেকে ঘুষ নিয়েছিল? — স্কুল মাস্টারের কাছ থেকে।

২.২ যে কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও ঃ- (১x৪=৪)

২.২.১ ‘তারপর যুদ্ধ এল’ — কিসের মতো যুদ্ধ এল? — রক্তের এক আগ্নেয় পাহাড়ের মতো।

২.২.২ ‘আমরা ভিখারি বারোমাস’ — একথা বলার কারণ কি? — কোনো রকমে দিনযাপন করার অবস্থাকে ‘ভিখারি বারোমাস’ বলা হয়েছে।

২.২.৩ ‘এল ওরা লোহার হাতকড়ি নিয়ে’ — ‘ওরা’ কারা? — ‘ওরা’ হল সাম্রাজ্যবাদী ইংরেজ সরকার।

২.২.৪ ‘তাহাতে বিচিত্র টঙ্গি’ — ‘টঙ্গি’ শব্দের অর্থ কি? — ‘টঙ্গি’ শব্দের অর্থ হল জলের উপর বাঁশের তৈরী ঘর।

২.২.৫ কবির গানের গায়ে রক্ত মোছার কারণ কি? — কবির গানের মধ্য দিয়ে যুদ্ধের বিরুদ্ধে লড়াই-এর কথা বলতে গিয়ে রক্ত মোছার কথা বলেছে।

২.৩ যে কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও ঃ- (১x৩=৩)

২.৩.১ কলমের দুনিয়ায় সত্যিকারের বিপ্লব ঘটায় কোন পেন? — ফাউন্টেন পেন।

২.৩.২ লেখক কোথা থেকে তাঁর জীবনের প্রথম ফাউন্টেন পেনটি কিনেছিলেন? — কলকাতার কলেজ স্ট্রীটের একটা নামী দোকান থেকে কিনেছিলেন।

২.৩.৩ 'প্রথম শ্রেণীর পাঠকদের বিজ্ঞানের সঙ্গে পূর্ব পরিচয় নেই।' 'প্রথম শ্রেণীর পাঠক' বলতে প্রাবন্ধিক কাদের বুঝিয়েছেন? — যারা ইংরেজী জানে না বা অতি অল্প জানে। এরা হল অল্প বয়স্ক ছেলেমেয়ে এবং অল্প শিক্ষিত বয়স্ক লোক।

২.৩.৪ 'এইরকম ভুল লেখা সাধারণ পাঠকের পক্ষে অনিষ্টকর' — ভুল লেখাটি কি? — 'অক্সিজেন বা হাইড্রোজেন স্বাস্থ্যকর বলে বৈজ্ঞানিক যুক্তি নেই, তারা জীবের বেঁচে থাকার পক্ষে অপরিহার্য অঙ্গ মাত্র। তবে ওজন গ্যাস স্বাস্থ্যকর।'

২.৪ যে কোনো ৮টি প্রশ্নের উত্তর দাও ঃ- (১x৮=৮)

২.৪.১ অনুসর্গের অপর নাম কি? — পরসর্গ।

২.৪.২ 'শিকারি বিড়াল গোঁফে চেনা যায়।' রেখাঙ্কিত পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো। — 'গোঁফে' করণ কারক, 'এ' বিভক্তি।

২.৪.৩ 'বহুব্রীহি' শব্দের অর্থ কি? — বহুব্রীহি (ধান) যার। (ধনী ব্যক্তি)।

২.৪.৪ যোগ্যতাহীন একটি বাক্যের উদাহরণ দাও। — গান রমা গায়।

২.৪.৫ 'যে রক্ষক, সে-ই ভক্ষক।' (সরলবাক্যে পরিণত করো) — রক্ষকই ভক্ষক।

২.৪.৬ একটি অনুজ্ঞাবাচক বাক্যের উদাহরণ দাও। — ভয় করবে না।

২.৪.৭ 'এসো যুগান্তের কবি' (ভাববাচ্যে পরিণত করো) — যুগান্তের কবির আসা হোক।

২.৪.৮ একটি শর্তসাপেক্ষ বাক্যের উদাহরণ দাও। — যদি তুমি আস, তবে আমি যাব।

২.৪.৯ পুলিশ চোরটিকে ধরল। (কর্মবাচ্যে রূপান্তর কর) — পুলিশ কর্তৃক চোরটি ধৃত হলো।

২.৪.১০ আপনার কোথায় থাকা হয়? (কর্তৃবাচ্যে রূপান্তর কর) — আপনি কোথায় থাকেন?

৩। প্রসঙ্গ নির্দেশ করে কমবেশি ৬০ শব্দে উত্তর দাও ঃ- (৩+৩=৬)

৩.১ যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- (৩x১=৩)

৩.১.১ 'আপনি কি ভগবানের চেয়েও বড়ো?' কাকে একথা বলা হয়েছে? কেন বলা হয়েছে? — জগদীশবাবুকে বলা হয়েছে। বৈরাগীর মতে জগদীশবাবু এগারো লক্ষ টাকার সম্পত্তির অহংকারে নিজেকে ভগবানের চেয়েও বড় বলে মনে করেন।

৩.১.২ 'সেও তো তাহাদেরই একজন' — সে কে? তাকে কাদের একজন বলা হয়েছে? — 'সে' হল নদের চাঁদ। স্টেশন মাস্টারদের একজন।

৩.২ যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- (৩x১=৩)

৩.২.১ 'তোরা সব জয়ধ্বনি কর।' তোরা কারা? তাদের জয়ধ্বনি করতে বলা হচ্ছে কেন? — 'তোরা' হল নবীন যুবক বা যুব সম্প্রদায়। পুরাতন সবকিছু এবং জীবন সব কিছুকে ধুয়ে মুছে সাফ করে নিয়ে যাবে প্রলয়, যে মহাকালের চণ্ড রূপে উপস্থিত হবে, তাই তার জয়ধ্বনি করতে বলা হচ্ছে।

৩.২.২ 'হায় বিধি বাম মম প্রতি' — বক্তা কে? তিনি এমন কথা বলেছেন কেন? — বক্তা হলেন রাক্ষসরাজ রাবণ। কারণ কে কবে শুনেছে শিলাখণ্ড জলে ভেসে থাকে, লোক মরে গিয়েও পুনরায় জেগে ওঠে। তাই বিধাতা রাবণের প্রতি বিরূপ বলে তিনি মনে করেন।

## বিভাগ - খ

৪। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- (৫x১=৫)

৪.১ 'পথের দাবী' পাঠ্যাংশ অবলম্বনে নিমাই বাবু চরিত্রটি বিশ্লেষণ করো। — 'পথের দাবী' গল্পে পৃষ্ঠা সংখ্যা (৯৮-৯৯) দ্রষ্টব্য।

৪.২ 'এই শহরের জীবনে মাঝে মাঝে বেশ চমৎকার ঘটনা সৃষ্টি করেন বহুরূপী হরিদা' — হরিদার সৃষ্ট চমৎকার ঘটনাগুলির বর্ণনা দাও। — 'বহুরূপী' গল্পে পৃষ্ঠা সংখ্যা (৭৬) দ্রষ্টব্য।

৫। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- (৫x১=৫)

৫.১ 'চিরচিহ্ন দিয়ে গেল তোমার অপমানিত ইতিহাসে' - কাকে একথা বলা হয়েছে? কিভাবে তার অপমানিত ইতিহাসে চিরচিহ্ন মুদ্রিত হল? — 'আফ্রিকা' কবিতায় আফ্রিকাকে একথা বলা হয়েছে। — 'আফ্রিকা' কবিতার পৃষ্ঠা সংখ্যা (৩৬) দ্রষ্টব্য।

৫.২ 'দেখিয়া রূপের কলা বিস্মিত হইল বালা' — 'বালা' শব্দের অর্থ কি? তার বিস্মিত হবার কারণ কি? তাকে দেখে বক্তার কি মনে হয়েছিল? — 'বালা' শব্দের অর্থ কন্যা বা স্ত্রীলোক। — পদ্মাবতীর রূপ দেখে বালা বিস্মিত হয়েছিল। — বক্তার মনে হয়েছিল ইন্দ্রের অভিশাপে কোনো বিদ্যাধরী স্বর্গভ্রষ্ট হয়ে ভূমিতে অচেতন হয়ে পড়েছে।

**৬। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** (৫x১=৫)

৬.১ 'কলমকে বলা হয় তলোয়ারের চেয়েও শক্তিধর' — বিষয়টি ব্যাখ্যা করো। এমন বলার কারণ ব্যাখ্যা করো। — 'হারিয়ে যাওয়া কালি কলম' প্রবন্ধে পৃষ্ঠা সংখ্যা (৫৪) দ্রষ্টব্য।

৬.২ 'আমাদের আলংকারিগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন' — 'শব্দের ত্রিবিধ কথা' কি? এই বিষয়কে ভিত্তি করে প্রাবন্ধিক সাধারণ সাহিত্য থেকে বৈজ্ঞানিক সাহিত্যকে আলাদা করেছেন কেন? — শব্দের 'ত্রিবিধ-কথা' হল — অভিধা, লক্ষ্মণা, ব্যঞ্জনা। — 'বাংলা ভাষায় বিজ্ঞান' প্রবন্ধে পৃষ্ঠা সংখ্যা (১২১) দ্রষ্টব্য।

**৭। কমবেশি ১২৫ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** (৪x১=৪)

৭.১ 'আমার এই অক্ষমতার জন্য তোমরা আমাকে ক্ষমা করো।' - বক্তা কাদের কাছে কোন্ অক্ষমতা প্রকাশ করেছেন তা সংক্ষেপে লেখো। — 'সিরাজদ্দৌলা' নাটকে সিরাজ মঁসিয়েলাকে একথা বলেছিল। এই প্রসঙ্গে পৃষ্ঠা সংখ্যা (৮৫) দ্রষ্টব্য।

৭.২ মীরজাফর আর লুৎফার চরিত্রের বিশিষ্ট দিকগুলি সংক্ষেপে আলোচনা করো। — 'সিরাজদ্দৌলা' নাটকে পৃষ্ঠা সংখ্যা (৮৭-৯৩) দ্রষ্টব্য।

**৮। কমবেশি ১৫০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ-** (৫x২=১০)

৮.১ জুপিটার ক্লাবে ক্ষিতিশের বিরুদ্ধে আনা অভিযোগগুলি কি ছিল? এগুলির উত্তরে ক্ষিতিশ সিংহের বক্তব্য কি ছিল? — 'কোনি' উপন্যাসে তৃতীয় অধ্যায় দ্রষ্টব্য।

৮.২ মাদ্রাজে অনুষ্ঠিত সাঁতার প্রতিযোগিতায় কোণির দুর্ভাগ্য ও সৌভাগ্যের পরিচয় দাও। — 'কোনি' উপন্যাসে পৃষ্ঠা সংখ্যা (৩৩) দ্রষ্টব্য।

**৯। চলিত গদ্যে অনুবাদ কর ঃ-** ৪

Home is the first school where the child learns his first lesson. He sees, hears and begins to learn at home. It is home that builds his character. In a good home honest and healthy men are made. — গৃহই হল প্রথম শিক্ষাকেন্দ্র, যেখানে শিশু তার প্রথম পাঠ গ্রহণ করে। সে গৃহেই দেখতে শেখে, শুনতে শেখে এবং শিখতে শুরু করে। গৃহই তার চরিত্র গঠন করে। সৎ এবং স্বাস্থ্যবান মানুষ উপযুক্ত গৃহে তৈরী হয়।

১০। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- (৫x১=৫)

১০.১ ‘সাবধানে গাড়ি চালাও, জীবন বাঁচাও’ — এই বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো। — বিষয় অনুযায়ী দুই বন্ধুর কাল্পনিক নাম উল্লেখ করে সংলাপ রচনা করতে হবে।

১০.২ ‘রক্তদান জীবনদান’ — এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো। — ‘রক্তদান জীবনদান’ — এই বিষয়ের উল্লেখ করে সংবাদপত্র প্রকাশের জন্য একটি প্রতিবেদন লিখতে হবে।

১১। কমবেশি ৪০০ শব্দে যে কোনো একটি প্রবন্ধ রচনা কর ঃ- (১০x১=১০)

১১.১ শিক্ষা বিস্তারে গণমাধ্যমগুলির ভূমিকা

১১.২ কন্যাশ্রীর বিশ্বজয়

১১.৩ বিজ্ঞান আশীর্বাদ না অভিশাপ

১১.৪ বাংলার ঋতুবৈচিত্র্য

— যে কোনো প্রবন্ধের ক্ষেত্রে সূচনা ও উপসংহারসহ বিষয় অনুযায়ী প্রবন্ধ লিখতে হবে।

***************